



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আয়োজনে  
চাকরি মেলা এবং সেমিনার অনুষ্ঠিত ॥  
শিক্ষার্থীদের সংগঠক এবং উদ্যোক্তা হতে হবে  
- উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৯ সেপ্টেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আয়োজনে আজ চাকরি মেলা এবং সেমিনার অনুষ্ঠিত হয়েছে। পরিসংখ্যান বিভাগের প্রাঙ্গণে সকাল দশটায় চাকরি মেলা উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, শিক্ষা-গবেষণা এবং চাকরির বাজারে দক্ষতার সাথে পেশাগত দায়িত্ব পালনের মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সুনাম অর্জন করছে। এতে বিশ্ববিদ্যালয় গর্ববোধ করে। উপাচার্য বলেন, শিক্ষার্থীরা প্রাতিষ্ঠানিক লেখাপড়া শেষ করে শুধু চাকরির পেছনে ছুটবে না, তাদেরকে সংগঠক এবং উদ্যোক্তা হতে হবে। উপাচার্য চাকরি মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নীতি-নির্ধারকদের এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যোগ্যতার ভিত্তিতে আরও বেশি সুযোগ দানের আহবান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি বাংলাদেশ ব্যাংকের পরিচালক (সিআইবি) মোঃ আনিছুর রহমান, সাধারণ সম্পাদক সাতক্ষীরার অতিরিক্ত জেলা প্রশাসক কাজী আরিফুর রহমান, সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাশরুর আরেফিন, পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর কবীর, বিভাগীয় শিক্ষক এবং শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য এবং অন্যান্য অতিথিবৃন্দ কেক কাটেন। উপাচার্য চাকরি মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন ব্যাংক, মোবাইল ব্যাংকিং, হাসপাতাল, ওয়ুধ কোম্পানি, গবেষণা প্রতিষ্ঠান এবং হোটেলসহ নানাবিধ স্টল পরিদর্শন করেন। এরপর বেলা বারটায় উপাচার্য সেমিনার উদ্বোধন করেন। সেমিনারে সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাশরুর আরেফিন মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

